



## ফের নর্থ-সাউথের ভিসি হলেন অধ্যাপক আতিকুল

জনকণ্ঠ ডেস্ক ॥ রাষ্ট্রপতির আদেশক্রমে বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০-এর ধারা ৩১ (১) অনুযায়ী অধ্যাপক আতিকুল ইসলামকে নর্থ সাউথ ইউনিভার্সিটির উপাচার্য পদে পুনর্নিয়োগ দেওয়া হয়েছে। রবিবার শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের এক প্রজ্ঞাপনে এই আদেশ জারি করা হয়। এই মেয়াদে তিনি ২০২৮ সালের ২২ ফেব্রুয়ারি পর্যন্ত নর্থ সাউথ ইউনিভার্সিটির ভাইস-চ্যান্সেলর পদে দায়িত্ব পালন করবেন।

অধ্যাপক আতিকুল ইসলাম ২০১৬ সালে নর্থ সাউথ ইউনিভার্সিটির উপাচার্য হিসেবে নিযুক্ত হন। ২০২০ সালের ফেব্রুয়ারিতে তিনি দ্বিতীয়বারের জন্য পুনরায় নিয়োগ লাভ করেন।

অধ্যাপক আতিকুল ইসলাম ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে প্রথম শ্রেণিতে স্নাতক এবং স্নাতকোত্তর ডিগ্রি অর্জন করেন। নিউসাউথওয়েলস বিশ্ববিদ্যালয় থেকে এম.কম (অ্যাকাউন্টিং) এবং সিডনি বিশ্ববিদ্যালয় থেকে পিএইচডি ডিগ্রি অর্জন করেন। তিনি ১৯৭৩ সালে ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রভাষক হিসেবে চাকরিজীবন শুরু করেন। তিনি বহু একাডেমিক জার্নালে পাণ্ডিত্যপূর্ণ নিবন্ধের লেখক এবং সহ-লেখক। তিনি পিএইচডিসহ অনেক

স্নাতকোত্তর থিসিস তত্ত্বাবধান করেছেন।

তিনি আমেরিকান অ্যাকাউন্টিং অ্যাসোসিয়েশন, ব্রিটিশ অ্যাকাউন্টিং অ্যাসোসিয়েশন এবং অস্ট্রেলিয়া ও নিউজিল্যান্ডের অ্যাকাউন্টিং অ্যান্ড ফিন্যান্স অ্যাসোসিয়েশনসহ আন্তর্জাতিক গবেষণা সম্মেলনে অসংখ্য প্রবন্ধ উপস্থাপন করেছেন। বিজ্ঞপ্তি।